

## আল্লাহর কথা বলে কখনোও শেষ করা যাবে না

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ

বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছেঃ আল্লাহর কথা বলে কখনোও শেষ করা যাবে না।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ৩১ লুকমান, আয়াতঃ ২৭

وَلَوْ أَنَّمَا فِي الْأَرْضِ مِنْ شَجَرَةٍ أَقْلَامٌ وَالْبَحْرُ يَمُدُّهُ مِنْ بَعْدِهِ سَبْعَةُ أَبْحُرٍ مَا نَفَدَتْ كَلِمَاتُ اللَّهِ إِنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ ( 27 )

অর্থঃ পৃথিবীর সকল বৃক্ষ যদি কলম হয় এবং এই যে সমুদ্র এর সাথে যদি আরও সাতটি সমুদ্র যুক্ত হয়ে কালি হয় তবুও আল্লাহর বাণী নিঃশেষ হবে না। আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

পবিত্র কোরআনে আরও ইরশাদ হচ্ছেঃ

সূরা ১৮ কাহফ, আয়াতঃ ১০৯

قُلْ لَوْ كَانَ الْبَحْرُ مَدَادًا لَكَلِمَاتِ رَبِّي لَنَفَذَ الْبَحْرُ قَبْلَ أَنْ تَنْفَدَ كَلِمَاتُ رَبِّي وَلَوْ جِئْنَا بِمِثْلِهِ مَدَدًا ( 109 )

অর্থঃ বল; আমার রবের কথা লিপিবদ্ধ করার জন্য সমুদ্র যদি কালি হয় তাহলেও আমার রবের কথা শেষ হওয়ার পূর্বেই সমুদ্র নিঃশেষ হয়ে যাবে- সাহায্যার্থে এর অনুরূপ আরও সমুদ্র নিয়ে এলেও।

একটি হাদীসঃ মুসলিম ১/৩৫২

রাসুলুল্লাহ(সাঃ) বলতেন,

لأُحْصِ ثَنَاءً عَلَيْكَ أَنْتَ كَمَا أَثْنَيْتَ عَلَيَّ نَفْسِكَ

অর্থঃ হে আল্লাহ্ আপনার প্রশংসা ও গুণগান করে আমি শেষ করতে পারবো না, আপনি তেমনটি যেমন আপনি নিজের প্রশংসা নিজে করেছেন।

আল্লাহ্ তা'য়লার ইয়্যাত, শ্রেষ্ঠত্ব, বড়ত্ব, মর্যাদা, মাহাত্য, পবিত্র গুণাবলী, মহান নাম এবং অসংখ্য নেয়ামত বর্ণনা করে শেষ করা যাবে না। আল্লাহর নেয়ামতরাজির শুকরিয়া আদায় করার উপায় হল তাঁর কাছে নিজেকে আত্মসমর্পণ করা। তাঁর ও তাঁর রাসুলের পূর্ণ আনুগত্য করা।

আল্লাহ আমাদেরকে কবুল করুন।

আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু

.....

click here <http://www.morningbrightness.fi/>  
@morningbrightness603

<https://www.facebook.com/profile.php?id=61556404990345>